

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.০১৪.২০১২-৭৩০

তারিখ : ১৬ মে, ২০১৬।

বিষয় : দিনাজপুর জেলার চিরিবন্দর উপজেলা পরিষদের সড়ক, সীমানা প্রাচীর নির্মাণ এবং বাসভবন মেরামত।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চিরিবন্দর, দিনাজপুর-এর স্মারক নং-০৫.৫৫.২৭৩০.০০০. ০৪.০০১. ১৫-১৯৫;  
তারিখ: ২৭ মার্চ, ২০১৬।


উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে চিরিবন্দর উপজেলা পরিষদ চতুরের অভ্যন্তরীণ সড়ক নির্মাণ, সীমানা প্রাচীর নির্মাণ ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামতের ব্যয়ভার রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হলে তা পরিষদ সভায় উপস্থাপন করে ব্যয় নির্বাহের সুপারিশ গ্রহণপূর্বক উক্ত প্রকল্পগুলো উন্নয়ন ও রাজস্ব তহবিলের আওতায় বিগত পাঁচ বছরের মেরামতের ব্যয় বিবরণীসহ নিম্নোক্ত তথ্যাদিসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(১) সীমানা প্রাচীর:

- উপজেলা পরিষদে সীমানা প্রাচীর বিদ্যমান রয়েছে কিনা? থাকলে তা কত বছর পূর্বে নির্মাণ করা হয়েছে সেসম্পর্কিত তথ্যাদি প্রেরণ;
- বর্তমানে কতটুকু সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে; এবং
- সীমানা প্রাচীর নির্মাণের লক্ষ্যে প্রাকল্পন প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডি'র সুস্পষ্ট মতামতসহ কারিগরি প্রতিবেদন প্রেরণ এবং সম্পূর্ণ সীমানা প্রাচীরের স্কেচ ম্যাপ প্রেরণ।

(২) সড়ক নির্মাণ:

- উপজেলা পরিষদের অভ্যন্তরে সড়ক বিদ্যমান রয়েছে কিনা? থাকলে তা কত বছর পূর্বে নির্মাণ করা হয়েছে সেসম্পর্কিত তথ্যাদি প্রেরণ;
  - বর্তমানে কতটুকু অভ্যন্তরীণ সড়ক নির্মাণ করতে হবে;
  - অভ্যন্তরীণ সড়ক নির্মাণের লক্ষ্যে প্রাকল্পন প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডি'র সুস্পষ্ট মতামতসহ কারিগরি প্রতিবেদন প্রেরণ; এবং
  - সম্পূর্ণ সড়কের স্কেচ ম্যাপ প্রেরণ;
- (৩) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামতের লক্ষ্যে প্রাকল্পন প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডি'র সুস্পষ্ট মতামতসহ কারিগরি প্রতিবেদন সংগ্রহপূর্বক প্রেরণ।

  
(লুৎফুন নাহার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৬২২৪৭

উপজেলা নির্বাহী অফিসার  
চিরিবন্দর, দিনাজপুর।

অনুলিপি:

- জেলা প্রশাসক, দিনাজপুর।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিরিবন্দর, দিনাজপুর।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।